Department of Education
Chancellor Richard A. Carranza

3 অগাস্ট, 2020

প্রিয় পরিবারবর্গ,

আশা করি এই গ্রীষ্মে আপনারা নিরাপদ ও সুস্থ্য আছেন, এবং কিছুটা বিশ্রাম ও আরাম আয়েশ উপভোগ করছেন। আমরা যখন 2020-21 শিক্ষা বছর শুরু করতে যাচ্ছি, আমি আপনার সন্তানের স্কুল—এবং প্রতিটি স্কুলের—আসন্ন বছরের স্বাস্থ্য ও সুরক্ষার নিয়মাবলী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু নতুন তথ্য প্রদান করতে চাই।

সকল স্কুল মিশ্র শিক্ষা ব্যবস্থার জন্য প্রস্তুতি গ্রহণ করছে, যেখানে শিক্ষার্থীরা সপ্তাহের কিছু অংশ স্কুল ভবনে শিক্ষা গ্রহণ করবে, এবং অন্য দিনগুলোতে বাড়ি থেকে শেখা অব্যাহত রাখবে। কিন্তু, যেকোনো পরিবার যেকোনো কারণে পুরোটাই দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) বেছে নিতে পারে। আপনার যদি 100% দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পছন্দ হয়, তাহলে আমরা আপনাকে শুক্রবার, 7 অগাস্টের মধ্যে আমাদের অবহিত করতে অনুরোধ করছি, যেন স্কুলগুলো সেই অনুযায়ী পরিকল্পনা করতে যথেষ্ট সময় পায়। একটি সংক্ষিপ্ত ওয়েব ফর্ম পূরণ করতে অনুগ্রহ করে schools.nyc.gov/returntoschool2020 দেখুন, অথবা 311 ফোন করুন।

এই চিঠিতে আপনি পাবেন:

- **স্কুলসমূহ খোলা এবং সেগুলো খোলা রাখার শর্তাবলী**
- **যদি কেউ অসুস্থ্য হয়ে যায় তাহলে কী হবে:** COVID-19 পরীক্ষা এবং স্কুলে অনুসন্ধান করা সংক্রান্ত নতুন তথ্য
- **প্রতিটি স্কুলের জন্য স্বাস্থ্য ও নিরাপত্তার সামগ্রিক নিয়ম-নীতি**

## স্কুলসমূহ খোলা এবং সেগুলো খোলা রাখার শর্তাবলী

আমরা অব্যাহতভাবে সতর্কতার সাথে চলমানভাবে পরিবর্তনশীল স্বাস্থ্যগত পরিস্থিতি পর্যবেক্ষণ করার পাশাপাশি, একটি বিষয় অটল রয়েছে: আমাদের শিক্ষার্থী, শিক্ষক, এবং স্টাফদের স্বাস্থ্য এবং সুরক্ষার প্রতি আমাদের অঙ্গীকার। সেপ্টেম্বরের পথে অগ্রসর হবার পথে এই অগ্রাধিকার আমাদের সকল নিয়মনীতির ভিত্তি।

31 জুলাইয়ে, মেয়র এবং আমি ঘোষণা দিয়েছি যে স্কুল ভবনগুলো সেপ্টেম্বরে খোলা হবে এবং খোলা থাকবে যদি সাপ্তাহিক ভিত্তিতে সকল COVID-19 পরীক্ষার ফলাফল আবশ্যকভাবে 3%-এর চেয়ে কম পজিটিভ থাকে। অতিরিক্তভাবে, আমরা স্কুল খোলার পর যদি 3% অথবা বেশি নিউ ইয়র্কবাসীর COVID-19 পরীক্ষায় ভাইরাস ধরা পড়ে, তাহলে স্কুল ভবনগুলো আবার বন্ধ হয়ে যাবে, এবং প্রত্যেক শিক্ষার্থীর জন্য শিক্ষা 100% দূর থেকে বা রিমোট হয়ে যাবে।

জুন মাস থেকে, আমরা 1-2%-এর মধ্যে রয়েছি, এবং আমরা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (NYC হেলথ্), NYC টেস্ট + ট্রেইস (পরীক্ষা এবং অনুসন্ধান), এবং মেয়রের অফিসের সাথে নিবিড়ভাবে কাজ করে স্কুল পুনরায় খোলার জন্য প্রস্তুতি নিচ্ছি। যদি স্টাফ এবং শিক্ষার্থীরা সুস্থ না থাকে, তারা শেখাতে ও শিখতে পারবে না, এবং স্কুলগুলো শিক্ষার জন্য সুরক্ষিত ও সুস্থ থাকে তা নিশ্চিত করতে আমরা সবকিছু করবো।

## যদি কেউ অসুস্থ্য হয়ে যায় তাহলে কী হবে: COVID-19 পরীক্ষা এবং স্কুলে অনুসন্ধান করা সংক্রান্ত নতুন তথ্য

NYC হেলথ্-এর আমাদের অভিজ্ঞ সহকর্মীদের সাথে নিবিড়ভাবে কাজ করার মাধ্যমে, আমরা প্রতিরোধ, পূর্ব-সতর্কতা, এবং এক বা একাধিক শিক্ষার্থী অথবা কর্মীর COVID-19 নিশ্চিত হবার পর সাড়াদান সংক্রান্ত কঠোর নিয়ম-নীতি প্রস্তুত করেছি। জেনে রাখা

Department of Education
Chancellor Richard A. Carranza

গুরুত্বপূর্ণ যে "নিশ্চিত বা কনফার্মড্‌ কেইস" বলতে বোঝায়, একজন পিতামাতা অথবা অভিভাবক, শিক্ষার্থী, অথবা স্টাফ সদস্য একজন স্বাস্থ্য সেবা প্রদানকারী অথবা ল্যাবরেটরি থেকে একটি পজিটিভ পরীক্ষার ফলাফল স্কুলে জমা দিচ্ছে—যেমন একটি সিটি-দ্বারা-পরিচালিত পরীক্ষা কেন্দ্র, একজন বেসরকারি ডাক্তার, অথবা একটি আর্জেন্ট কেয়ার সেন্টার।

স্কুল কমিউনিটিকে সুস্থ রাখতে আমাদের নিয়ম-নীতির মধ্যে অন্তর্ভুক্ত:

- **প্রতিরোধ:** 2020-21 শিক্ষা বছরের প্রথম দিন থেকে শুরু করে, যদি একজন শিক্ষার্থী অথবা স্টাফ সদস্য অসুস্থ বোধ করে, তাদের বাধ্যতামূলকভাবে বাড়িতে থাকতে হবে। অতিরিক্তভাবে, যদি তাদের উপসর্গগুলো COVID-19-এর সাথে সামঞ্জস্যপূর্ণ হয়, তাহলে তাদের পরীক্ষা করতে বলা হবে।

- **স্কুলে অসুস্থ বোধ করা:** যদি একজন শিক্ষার্থীর স্কুলে থাকাকালীন সময় উপসর্গগুলো দেখা যায়, তাদের আলাদা সরিয়ে নেয়া হবে এবং পিতামাতা অথবা অভিভাবক এসে না নিয়ে যাওয়া পর্যন্ত একজন স্কুল স্টাফ সদস্য পর্যবেক্ষণ করবেন। স্টাফ সদস্যগণ যাদের স্কুলে উপসর্গ দেখা যাবে তাদের অবশ্যই কর্তৃপক্ষকে জানাতে হবে এবং তাৎক্ষণিকভাবে বিল্ডিং ছেড়ে যেতে হবে।

- **টেস্টিং (পরীক্ষণ):** সকল স্কুল স্টাফ সদস্যকে স্কুল শুরুর পূর্ববর্তী দিনগুলোতে COVID-19 পরীক্ষা করতে বলা হচ্ছে, এবং সিটি-পরিচালিত 34টি পরীক্ষা কেন্দ্রে তড়িৎ ফলাফলের জন্য অগ্রাধিকার দেয়া হবে। সকল স্কুল স্টাফকে শিক্ষা বছর চলাকালে মাসিক ভিত্তিতে পরীক্ষা করতে বলা হচ্ছে। সিটিজুড়ে পরিবারদের জন্যেও বিনামূল্যে এই পরীক্ষার ব্যবস্থা রয়েছে।

- **অনুসন্ধান:** যদি কোনো স্কুলে নিশ্চিত COVID-19 পাওয়া যায়, তাহলে NYC টেস্ট + ট্রেইস এবং NYC হেলথ্‌ স্কুলের অভ্যন্তরে নিকটবর্তী যোগাযোগগুলো নির্ধারণ করতে তদন্ত করবে। একটি নিশ্চিত কেইসের ক্লাসরুমের অভ্যন্তরের সকল শিক্ষার্থী এবং শিক্ষকগণকে নিকটবর্তী যোগাযোগ (ক্লোজড্‌ কন্ট্যাক্ট) হিসেবে ধরা হবে এবং ঐ ঘটনায় সর্বশেষ উন্মোচিত হবার পর থেকে 14 দিন নিজেকে দূরে সরিয়ে (সেলফ্‌ কোয়ারেন্টাইন) রাখতে বলা হবে। উপরের ক্লাসগুলোতে যেখানে শিক্ষার্থীরা এক ক্লাস থেকে আরেক ক্লাসে যায়, সেসব ক্ষেত্রে নিশ্চিত কেইস (ব্যক্তি) যেসব ক্লাসগুলোতে গিয়েছে সেগুলোর সবগুলোতে প্রযোজ্য।

যদি একটি স্কুলে একাধিক কেইস থেকে থাকে, এবং সেগুলো একই ক্লাসরুমে না হয়, তাহলে রিমোট বা দূর থেকে শিক্ষা অব্যাহত থাকবে এবং স্কুল ভবন কমপক্ষে 24 ঘন্টার জন্য বন্ধ থাকবে, যখন NYC টেস্ট + ট্রেইস এবং NYC হেলথ্‌ তদন্ত করবে। তদন্তের ফলাফলের উপর ভিত্তি করে, প্রভাবযুক্ত ক্লাসরুম অথবা পুরো বিল্ডিংটি 14 দিন কোয়ারেন্টাইনের জন্য বন্ধ থাকবে।

যেকোনো প্রয়োজনীয় কোয়ারেন্টাইন সময়সীমায় শিক্ষার্থীরা তাদের শিক্ষা দূর থেকে (রিমোট) অব্যাহত রাখবে।

- **যোগাযোগ:** উপসর্গগুলো বাড়িতে অথবা স্কুলে যেখানেই হোক না কেন, দ্রুত পদক্ষেপ গ্রহণ ও সংক্রমণ রোধ করতে সুস্পষ্ট ধারাবাহিকতার সাথে তথ্য প্রদান বজায় থাকবে। যদি একটি COVID-19 কেইস নিশ্চিত হয়, স্কুলগুলো স্কুলের সকল পরিবার এবং শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করবে।

## প্রতিটি স্কুলের জন্য স্বাস্থ্য ও নিরাপত্তার সামগ্রিক নিয়ম-নীতি

আমাদের স্কুল কমিউনিটির সুস্বাস্থ্য বজায় রাখতে আমাদের ডিজাইনকৃত কঠোর নিয়ম-নীতির একটি অংশ হচ্ছে পরীক্ষণ ও অনুসন্ধান। সেপ্টেম্বরে আমাদের স্কুলগুলো খোলায় NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর স্বাস্থ্য ও সুরক্ষামূলক চর্চা, বিধি, এবং নিয়ম-নীতি সম্পর্কে আপনার এবং আপনার পরিবারের যে মূল বিষয়গুলো জানা প্রয়োজন তা হচ্ছে:

Department of Education
Chancellor Richard A. Carranza

- স্কুলে থাকাকালীন অথবা স্কুলে আসার পথে, সবসময় শিক্ষার্থী ও স্টাফদের নাক ও মুখ সুরক্ষাকারী মুখোশ পরিধান করতে হবে। চিকিৎসাজনিত কারণে যেসব ছেলেমেয়ে নাক-মুখের মুখোশ পরিধান করতে পারেনা, এবং সেসব ছোট্র ছেলেমেয়ে যারা একটি নাক-মুখের মুখোশ পড়ার মত পরিপক্ক হয়নি।
- পুরো স্কুল দিবস জুড়ে, স্কুল প্রাঙ্গনের যেকোনো স্থানে এবং স্কুলে যাওয়া-আসার পথে, শিক্ষার্থী এবং স্টাফগণ আবশ্যকভাবে ছয় ফিট পারস্পরিক দূরত্ব বজায় রাখবে।
- স্কুলগুলো পুরো দিন জুড়ে পরিষ্কার পরিচ্ছন্ন করা হবে এবং প্রতি রাতে জীবাণুমুক্ত করা হবে, এবং অতিরিক্ত স্পর্শ করা হয় যেসব স্থানে সেগুলোতে বিশেষ মনযোগ দেয়া হবে।
- প্রতিটি স্কুলজুড়ে নাক-মুখের মুখোশ, হাত জীবাণুমুক্তকারক (হ্যান্ড স্যানিটাইজার), এবং পরিষ্কার-পরিচ্ছন্নতার সামগ্রী সহজলভ্য থাকবে।
- প্রতিটি স্কুলে স্বাস্থ্যগত উদ্বেগের ঘটনায় সাড়াদান করার জন্যে একটি স্কুল-ভিত্তিক টিম বা দল প্রস্তুত থাকবে।
- স্কুল দিবস চলাকালে কোনো শিক্ষার্থী অসুস্থ হয়ে গেলে, সেক্ষেত্রে প্রতিটি স্কুল একটি নির্ধারিত বিচ্ছিন্নকরণ কক্ষ ব্যবহার করবে।

এটা এবং অন্যান্য নীতিগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে schools.nyc.gov/returntoschool2020 দেখুন এবং অতিরিক্ত তথ্য এবং সকল সর্বসাম্প্রতিক তথ্যের জন্য "স্বাস্থ্য ও সুরক্ষা" (Health and Safety) ক্লিক করুন।

স্বাস্থ্য ও সুরক্ষাকে কেন্দ্র করে আমরা স্কুল পুনরায় খোলার পথে অগ্রসর হচ্ছি এবং স্বাস্থ্য সংক্রান্ত পেশাজীবীদের অভিজ্ঞতার উপর আমাদের নীতিগুলো নির্ভর করছি—এতে কোনো বিতর্কের অবকাশ নেই।

আমি একজন পাবলিক স্কুলের পিতা, শিক্ষক, এবং প্রিন্সিপ্যাল ছিলাম, এবং আমি জানি আপনার পুরো পরিবারের স্বাস্থ্য ও সুরক্ষা করার পাশাপাশি আপনার সন্তানের সর্বোচ্চ সম্ভাব্য শিক্ষা চাওয়া কেমন বোধ হয়। আমরা মার্চ থেকে একযোগে অনেক কিছু শিখেছি—উভয়, ভাইরাস এবং বাস্তব সময়ের মধ্যে আমাদের প্রতিক্রিয়া ও সাড়াদান করার সক্ষমতা সম্পর্কে। এজন্যেই আমরা স্কুলে ফিরে আসার জন্য সবচেয়ে কড়া ও কঠোর প্রক্রিয়া ছাড়া আমরা অন্য কিছু মেনে নিবো না।

আমরা আসন্ন দিন ও সপ্তাহগুলোতে আরো তথ্য প্রদান করবো। বরাবরের মতই— DOE পরিবারের অংশ হবার জন্য আপনাকে ধন্যবাদ।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন